

📖 সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ৬৬৪ [আন্তর্জাতিক নাম্বারঃ ৬৬৫]

পর্ব-৭: আযান (كتاب الأذان)

পরিচ্ছেদঃ ২৪: সালাতের কোন রাকআত ভুলে গেলে ইকামত বলা প্রসঙ্গ

الإقامة لمن نسي ركعة من صلاة

আরবী

خَبَرَنَا قُتَيْبَةُ، قَالَ: حَدَّثَنَا اللَّيْثُ، عَنْ يَزِيدَ بْنِ أَبِي حَبِيبٍ، أَنَّ سُوَيْدَ بْنَ قَيْسٍ حَدَّثَهُ، عَنْ مُعَاوِيَةَ بْنِ حُدَيْجٍ، أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ صَلَّى يَوْمًا فَسَلَّمَ وَقَدْ بَقِيَتْ مِنَ الصَّلَاةِ رَكْعَةٌ، فَأَذْرَكَهُ رَجُلٌ، فَقَالَ: نَسِيتَ مِنَ الصَّلَاةِ رَكْعَةً، فَدَخَلَ الْمَسْجِدَ وَأَمَرَ بِإِلَاءٍ، فَأَقَامَ الصَّلَاةَ فَصَلَّى لِلنَّاسِ رَكْعَةً. فَأَخْبَرْتُ بِذَلِكَ النَّاسَ، فَقَالُوا لِي: أَتَعْرِفُ الرَّجُلَ؟ قُلْتُ: لَا، إِلَّا أَنْ أَرَاهُ، فَمَرَّ بِي، فَقُلْتُ: هَذَا هُوَ، قَالُوا: هَذَا طَلْحَةُ بْنُ عُبَيْدٍ اللَّهِ.

تخريج دارالدعوة: سنن أبي داود/الصلاة ١٩٦ (١٠٢٣)، (تحفة الأشراف: ١١٣٧٦)،
مسند احمد ٦/٤٠١ (صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 665 – صحيح

বাংলা

৬৬৪. কুতায়বাহ্ (রহ.) মু'আবিয়াহ্ ইবনু খুদায়জ (রাঃ) হতে বর্ণিত। একদিন রাসূলুল্লাহ (সা.) সালাত আদায় করেন এবং সালাম ফিরান। কিন্তু এক রাক'আত সালাত তাঁর বাকী রয়ে গিয়েছিল। এক ব্যক্তি মনে করিয়ে দিলেন এবং বললেন, আপনি এক রাকআত সালাত ভুলে গেছেন। তারপর রাসূলুল্লাহ (সা.) মসজিদে প্রবেশ করেন এবং বিলাল (রাঃ)-কে ইকামত দিতে বললেন, বিলাল (রাঃ) ইকামত দিলেন। তিনি লোকদেরকে নিয়ে এক রাক'আত সালাত আদায় করেন। আমি যখন এ ঘটনা লোকের কাছে বর্ণনা করি তখন তারা আমাকে বলল, আপনি কি লোকটিকে চিনেন? আমি বললাম, না, তাকে আমি চিনি না। তবে তাকে দেখলে চিনতে পারব। সে ব্যক্তি আমার সম্মুখে এলে আমি বললাম, ইনিই সে লোক। লোকেরা বলল, ইনি হলেন- ত্বলহাহ্ ইবনু উবায়দুল্লাহ (রাঃ)।

English

24. The Iqamah For One Who Forgot A Rak'ah Of The Prayer

It was narrated that Mu'awiyah bin Hudaij that the Meseenger of Allah (ﷺ) prayed one day and said the Taslim when there was still a Rak'ah left of the prayer. A man caught up with him and said: 'You forgot a Rak'ah of the prayer!' So he came back into the Masjid and told Bilal to call the Iqamah for prayer, then he led the people in praying one Rak'ah. I told the people about that and they said to me: 'Do you know who that man was?' I said: 'No, not unless I see him.'. Then he paased by me and I said: 'This is he.' They said: 'This is Talha bin 'Ubaidullah.'

ফুটনোট

সহীহ: আবু দাউদ ১০২৩, মুসনাদে আহমাদ ৪০১৩, সহীহ ইবনু খুযায়মাহ (১/১২৮), সহীহ আবু দাউদ ৯৩৮।

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ কুতায়বা ইবনু সাঈদ (রহঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=87038>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন